

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

সীতাকুণ্ডে ভয়াবহ বিস্ফোরণে হতাহতের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র তীব্র ক্ষেত্র এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে আইনানুগ শান্তি, জবাবদিহিতা এবং ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চিত করার জোর দাবি

[০৬ জুন ২০২২, ঢাকা] চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার সোনাইছড়ি ইউনিয়নে বিএম কন্টেইনার ডিপোতে ভয়াবহ বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডে ৯ জন অগ্নি নির্বাপন কর্মীসহ এখন পর্যন্ত ৪৯ জন নিহত হয়েছেন এবং প্রায় তিনি শতাধিক মানুষ আহত ও দন্ত হয়েছেন। ৩৭ ঘণ্টা পরও আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছে না। এ মর্মান্তিক ঘটনায় ফোরাম তীব্র ক্ষেত্র ও গভীর শোক এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

দাহ্য পদার্থের যথাযথ রক্ষানাবেক্ষণে গাফিলতির ফলে সৃষ্টি ভয়াবহ অগ্নিকাণ্ড ও বিস্ফোরণের ঘটনার পুনরাবৃত্তিতে ফোরাম তীব্র ক্ষেত্র প্রকাশ করছে। ফোরাম মনে করে, বিদ্যমান দায়মুক্তির সংস্কৃতির কারণে পূর্ববর্তী ঘটনাগুলোর ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করা যায়নি, যার ফলে এসব ভয়াবহ মানব সৃষ্টি দুর্যোগ একের পর এক ঘটে চলেছে। এ ঘটনা প্রকৃতপক্ষে মালিক পক্ষের শ্রমিকদের পেশাগত নিরাপত্তার প্রতি চরম অবজ্ঞা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ তদারকি ও আইন প্রয়োগের ক্ষেত্রে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয়। ইতোমধ্যে গণমাধ্যমসূত্রে সীতাকুণ্ডের বিস্ফোরণের ঘটনায় ডিপোর মালিকপক্ষের অসহযোগিতা ও দায়িত্বহীনতার অভিযোগ পাওয়া যাচ্ছে। অগ্নি নির্বাপক কর্মীরা, যারা আগুন নেভাতে গিয়ে নিহত হয়েছেন, তারা কেন অগ্নিকাণ্ড ও বিস্ফোরণ ঘটেছে সে বিষয়ে অবগত ছিলেন না এবং দীর্ঘ সময় পার হয়ে গেলেও এ বিষয়ে তথ্য প্রদানের জন্য মালিক পক্ষকে পাওয়া যাচ্ছিল না। কন্টেইনার ডিপোতে বিপুল পরিমাণ হাইড্রোজেন পারঅক্সাইড নামক রাসায়নিক থাকলেও গণমাধ্যমে প্রকাশিত চট্টগ্রামের বিস্ফোরক পরিদণ্ডের এর বক্তব্য অনুযায়ী তাদেরকে এই বিষয়ে জানানো হয়নি। একটি জনবসতি সংলগ্ন এলাকায় কোনো অনুমোদন ছাড়াই এ কন্টেইনার ডিপোতে হাইড্রোজেন পারঅক্সাইড মজুদ করা হয়েছিলো।

ফোরাম দৃঢ়ভাবে বিশ্বাস করে, মালিকপক্ষ ও কর্তৃপক্ষের দায়িত্বহীনতার অবসান ঘটিয়ে জবাবদিহিতা ও আইনের শাসন প্রতিষ্ঠা করা না হলে এমন দুর্যোগ বন্ধ করা যাবে না। দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শ্রমিকদের সার্বিক নিরাপত্তা ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা অত্যাবশ্যকীয়।

এমতাবস্থায় ফোরাম সরকারের কাছে নিম্নোক্ত দাবি তুলে ধরছে-

১. দ্রুততার সাথে নিরপেক্ষ তদন্তসাপেক্ষে দায়ীদের চিহ্নিত করে আইনানুগ শান্তি নিশ্চিত করা। কিভাবে কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া এমন একটি বেসরকারি কন্টেইনার ডিপো দাহ্য পদার্থ মজুদ করেছে- তা খতিয়ে দেখা।
২. তদন্ত প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করা এবং প্রতিবেদন জনসম্মুখে প্রকাশ করা।
৩. নিহত শ্রমিকদের প্রত্যেক পরিবারকে আইএলও কনভেনশন ১২১ অনুযায়ী আজীবন আয়ের সমপরিমাণ ক্ষতিপূরণ প্রদান, একেব্রে উচ্চ আদালতের নির্দেশনা এবং রানা প্লাজা ধসের ঘটনায় দেয়া ক্ষতিপূরণের

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

হারকে বিবেচনায় নেয়া যেতে পারে। ক্ষতিপূরণের ন্যায় একই হারে আহতদের চিকিৎসা, পুনর্বাসন ও ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে।

৮. দাহ্য পদার্থ ব্যবস্থাপনায় যথপোযুক্ত কাঠামো তৈরি ও নিরবিচ্ছিন্নভাবে তাদরকি নিশ্চিত করা।
৫. চট্টগ্রামসহ দেশের দাহ্য পদার্থের সকল ডিপোতে উপযুক্ত ব্যবস্থাপনা হচ্ছে কিনা তা খতিয়ে দেখার জন্য তদন্ত কমিটি গঠন করা।
৬. এ পর্যন্ত সংঘটিত সকল অগ্নিকাণ্ড ও বিস্ফোরণের ঘটনার দ্রুত বিচার ত্বরান্বিত করা।

এইচআরএফবি আগুন নিয়ন্ত্রণ, উদ্ধার এবং আহতদের চিকিৎসাসেবাসহ নানা সহযোগিতায় নিয়োজিত নিবেদিতপ্রাণ মানুষদের প্রতি সম্মান ও কৃতজ্ঞতা জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).